দৈনিক সংবাদ

তারিখ ........
পৃষ্ঠা ........ কলাম ........

# ৩৮৭ জন সরকারি কলেজ শিক্ষকের অধ্যাপক পদে পদোন্নতি

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** ৫ বছর পর সরকারি কলেজগুলোতে কর্মরত শিক্ষকদের বিভিন্ন পর্যায়ে পদোন্নতি শুরু হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় কয়েকদিন আগে ৩শ ৮৭ জন শিক্ষককে অধ্যাপক পদে পদোন্নতি দিয়েছে। প্রায় ১ হাজার ১শ শিক্ষককে সহযোগী অধ্যাপক পদে শিগ্‌গিরই পদোন্নতি দেয়া হবে। লেকচারার পদে আরও ৩ হাজার শিক্ষককে পদোন্নতি দেয়া হবে।

শিক্ষা সচিব ড. সাদাত হোসেন 'সংবাদ'কে জানিয়েছেন, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা সরকারি কলেজে কর্মরত শিক্ষকদের পদোন্নতি চূড়ান্ত করতে অক্লান্ত পরিশ্রম করছেন। মামলা-মোকাদ্দমার কারণে গত ৫ বছর যাবৎ শিক্ষকদের পদোন্নতি দেয়া সম্ভব হয়নি। সম্প্রতি মামলা নিষ্পত্তি হওয়ায় অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে শিক্ষকদের পদোন্নতি দেয়ার বিষয়টি চূড়ান্ত করা সম্ভব হয়েছে।

শিক্ষা সচিব জানান, লেকচারার পদে শিক্ষকদের পদোন্নতি কিছুটা বিলম্বিত হতে পারে। বিভাগীয় পরীক্ষায় যেসব শিক্ষক পাস করেনি, তাদের কেউ কেউ মামলা দায়ের করার ফলে লেকচারার পদে পদোন্নতির বিষয়ে সিদ্ধান্ত নেয়া যাচ্ছে না। তবে শিক্ষা মন্ত্রণালয় এসব মামলা নিষ্পত্তি করার উদ্যোগ নিয়েছে। শিগ্‌গিরই এসব মামলা নিষ্পত্তি করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। এসব মামলা নিষ্পত্তি হয়ে গেলে লেকচারার পদে প্রায় ৩ হাজার শিক্ষককে পদোন্নতি দেয়া সম্ভব হবে।